মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ সরকারের প্রতিপাদ্য হচ্ছে করোনাকালে নারী নেতৃত্ব, গড়বে নতুন সমতার বিশ্ব, এবারের প্রতিপাদ্য বিষয়ের সাথে মিল রেখে ব্রাক “কর্ম, নেতৃত্ব, পরিবারঃ নারী পুরুষের সমান অধিকার ” এই স্লোগান কে সামনে রেখে মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস২০২১উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুসসুর আলম খানের সভাপতিত্বে এই অনুষ্টান অনুষ্টিত হয়।

এসময় র্ভাচুয়াল ভিডিও কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি

এসময় তিনি বলেন নারী নেতৃত্ব অত্যন্ত প্রয়োজনীয়। নারী নেতৃত্ব পরিবারে ও সমাজে সম্পদের সুষম বন্টন নিশ্চত করতে পারে যা সকলকে উপকৃত কবরে। সম্পদ ব্যবস্থাপনায়ও নারীর নেতৃত্ব পারিবারিক সঞ্চয় কে উৎসাহিত করে যা আমাদের প্রতিকূল পরিস্থিতি মোকাবিলাকে সহজ করবে। গৃহস্থালি কার্যক্রম পরিচালনার পাশাপাশি পরিকল্পনাতেও নারী নেতৃত্ব জরুরী। একইভাবে আমাদের সন্তান পালন ও বয়োজ্যেষ্ঠদের সেবা প্রদানের ক্ষেত্রেও নারীর নেতৃত্বের পাশাপাশি পুরুশদের অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। ঘরে বাহিরে সকল ক্ষেত্রে নারীর নেতৃত্ব বিকাশিত হওয়ার জন্য প্রয়োজন সহায়ক পরিবেশ। নারী নেতৃত্ব বিকাশের উপযোগী পরিবেশ তৈরি করার মাধ্যমেই আমরা সমতার বিশ্বের পথে এগিয়ে যেতে পারব।

এসময় তিনি আরও বলেন, ব্রাক সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি (সিইপি)১৯৯৮ সাল থেকে কাজ করছে। সিইপির উদ্যোগে তৃণমূল পর্যায়ে নারীদের সংগঠিত করার লক্ষ্যে, তাদের নেতৃত্বেই ১২৪৮৭ টি পল্লীসমাজ কাজ করে যাচ্ছে।এই সাংগঠনে তৃনমূল পর্যায়ে প্রয়ায় ৭ লক্ষ নারী সরাসরি সম্পৃক্ত আছেন, যারা সরকারী ও বেসরকারি সেবা সম্পদ প্রাপ্তি।

এসময় আরও উপস্থিত ছিলেন,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মুজাহিদুল ইসলাম মৃধা, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান আব্দুল খালেক, জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের জেলা আহবায়ক অধ্যাপক হাসানুজ্জামান মালেক, জেলা মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (ভারপ্রাপ্ত)নাসিমা বেগম, নারী উদ্যোক্তা লিনা প্রমুখ

ট্রাকের নিচে ঝাপিয়ে পড়ে মানসিক প্রতিবন্ধীর আত্মাহুতি

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার মুক্তারপুরে ট্রাকের নিচে ঝাপিয়ে পড়ে আত্মাহুতি দিয়েছেন সোহেল রানা (২৮) নামের মানসিক প্রতিবন্ধী এক যুবক। সোমবার সকাল ৮টার দিকে এ ঘটনা ঘটে। নিহত সোহেল রানা একই উপজেলার নতিপোতা গ্রামের মৃত আলমগীর হোসেনের ছেলে।

দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক জানান, মানসিক প্রতিবন্ধী সোহেল রানা কয়েক বছর থেকে মুক্তারপুর গ্রামে তার মামা মিন্টু মিয়ার বাড়ি থাকতেন। সোমবার সকালে গ্রামের চায়ের দোকানে বসেছিলেন তিনি। এসময় একটি ট্রাক (ঢাকামেট্রো-ট-১৬-৫৪৮১) আসতে দেখে তার নিচে ঝাপিয়ে পড়েন তিনি। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।
ওসি আরো জানান, নিহতের পরিবারের কোনো অভিযোগ না থাকায় তার মরদেহ ময়নাতদন্ত ছাড়াই দাফনের অনুমতি দেয়া হয়েছে।

গাংনীতে ট্রাক ও মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে নিহত এক, আহত এক

মেহেরপুর কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার গাড়াডোব পোড়া নামক স্থানে ট্রাক ও মোটর সাইকেল মুখোমুখি সংঘর্ষে আহসান আলী নামের এক ইলেক্টুনিক্স মিস্ত্রি নিহত হয়েছেন। এঘটনায় আহত হয়েছেন মোটরসাইকেল আরোহী উজ্জল হোসেন। আজ সোমবার বিকেল সাড়ে তিনটার সময় এ দুর্ঘটনা ঘটে। নিহত আহসান আলী(৩০) গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের ফেরদোস আলীর ছেলে ও উজ্জল হোসেন(২৫) একই গ্রামের মুন্তাজ আলীর ছেলে।

স্থানীয়রা জানায়, আহসান আলী ও উজ্জল হোসেন মোটরসাইকেল যোগে মেহেরপুর যাচ্ছিলেন। গাড়াডোব পোড়াপাড়া নাম্ক স্থানে কুষ্টিয়াগামী একটি দ্রতগতির ট্রাক তাদের ধাক্কা দিলে মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে যায় তারা। স্থানীয়রা তাদের দ’◌ুজনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক আহসান আলীকে মৃত ঘোষনা করেন। উজজল হোসেনকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।
গাংনী থানার ওসি বজলুর রহমান জানান,দুর্ঘটনার বিষয়টি আমরা জেনেছি।ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

হরিণাকুণ্ডুতে পুলিশের আনন্দ উদযাপন

ঐতিহাসিক ৭ই মার্চ ও বাংলাদেশ এলডিসি থেকে উন্নয়নশীল দেশে উত্তরণে জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ প্রাপ্তিতে ঝিনাইদহে আনন্দ উৎসব পালন করেছে পুলিশ।
রোববার বিকেলে হরিণাকুন্ডুতে জেলা পরিষদ মিলনায়তনে এ উৎসবের আয়োজন করে হরিণাকুন্ডু থানা পুলিশ। হরিণাকুন্ডু থানার অফিসার

ইনচার্জ আব্দুর রহিম মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার (শৈলকুপা সার্কেল) আরিফুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, পৌরসভার মেয়র ফারুক হোসেন, হরিণাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি এ্যাড. বজলুর রহমান, সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, আওয়ামী লীগ নেতা রওশন আলী, হরিণাকুন্ডু প্রেসক্লাবের সভাপতি এম সাইফুজ্জামান তাজু। বক্তারা, উন্নয়নশীল দেশে উত্তরণে জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ প্রাপ্তির অবদান সরকার প্রধানের উল্লেখ করে উন্নত দেশ গঠনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে সকলের প্রতি আহ্বান জানান। পরে সন্ধ্যায় কেক কেটে দিবসটি পালন করা হয়।

শৈলকুপায় আন্তর্জাতিক নারী দিবস পালিত

“করোনাকালে নারী নেতৃত্ব গড়বে নতুন সমতাল বিশ্ব সবাই মিলে ভাবো, নতুন কিছু করো“ এ প্রতিপাদ্য বিষয় সামনে নিয়ে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় আন্তর্জাাতিক নারী দিবস ২০২১ উদযাপিত হয়েছে। সোমবার সকাল ১১টায় উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা অধিদপ্তরের যৌথ আয়োজনে একটি র্যালী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা এর সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, উপজেলা মাধ্যমিক কর্মকর্তা শামিম আহমেদ খান, মহিলা বিষয়ক কর্মকর্তা রেশমা খানম,উপস্থাপনা করেন সহকারী অধ্যাপক আব্দুল ওহাব।

নারীদের অধিকারের জন্য এগিয়ে আসতে হবে -মেয়র মাহফুজুর রহমান রিটন

সোমবার সকালে মেহেরপুর পৌরসভার উদ্যোগে ৮ই মার্চ আন্তর্জতিক নারী দিবস উপলক্ষে পৌরমেয়র মাহফুজুর রহমানের নেতৃত্বে “করোনা কালে নারীর নেতৃত্বে গড়বে নতুন সমতার বিশ্ব” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর পৌরসভা হতে বাদ্যের তালে তালে ৱ্যালিটি বের হয়ে মেহেরপুর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর পৌর সভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর আল মামুন, পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর আলপনা খাতুন সহ মেহেরপুর পৌরসভার অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন নারীদের অধিকারের জন্য এগিয়ে আসতে হবে, নারীদের প্রতি সহিংসতা প্রতিরোধ করতে হবে, তিনি আরো বলেন বর্তমানে সব জায়গায় পুরুষের পাশাপাশি নারীদের অবদান ব্যাপক আর্মি, পুলিশ, সহ বিভিন্ন সরকারি জায়গায় অবদান রাখছে নারীরা ।

এরপর ঐতিহাসিক ৭ই মার্চ ভাষণের ৫০ বছর ও মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে মেহেরপুর পৌরসভার উদ্যোগে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয় ।
চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ফিতা কেটে উদ্বোধন করেন মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন। এই চিত্রাংকন প্রতিযোগিতায় বিভিন্ন বয়সের ছেলেমেয়েরা অংশগ্রহণ করে ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার(ভূমি) নাজমুল আলম।
বিশেষ অতিথি ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকারের সনচালনায় এ সময় অন্যদের মধ্যে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান,এলজিইডি ইন্জিনিয়ার শাহীন আক্তার,সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম প্রমুখ। আলোচনা সভা শেষে একই মঞ্চে সাংস্কৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জীবননগরে ইয়াবাসহ আটক-২, ট্রাক জব্দ

জীবননগরে ৫০ পিচ ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। গতকাল রবিবার দিবাগত রাত ১টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার এস আই তাইফুজ্জামান সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিত্বে জীবননগর পৌর সভার বসতিপাড়ায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ট্রাকের মধ্যে থেকে ৫০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ জীবননগর পৌর সভার আশতলা পাড়ার মৃত মীর আলাউদ্দিনের ছেলে মেহেদী হাসান (৩৫) এবং শাপলাকলি পাড়ার মৃত আরফান আলীর ছেলে সোহেল রানা (২১) আটক করে পুলিশ।
এ বিষয়ে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

কোটচাঁদপুরে নানা আয়োজনে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত

“তুমি বাংলার ধ্রুবতারা তুমি হৃদয়ের বাতিঘর, আকাশে বাতাশে বজ্রকন্ঠ তোমার কন্ঠস্বর”। ঐতিহাসিক ◌ং৭ই মার্চে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ ছিলো এদেশের নির্যাতিত,নিপীড়িত,সুবিধা বঞ্চিত,ক্ষুধার্ত মানুষের মুক্তির ভাষণ। এই ভাষণের মাধ্যমেই বাংলাদেশ পেয়েছে একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। দিবসটি উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে রোববার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ চত্তরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

পরে উপজেলা পরিষদ মিলনায়তনে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ পরিবেশণ , আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম। উপজেলা সহকারি শিক্ষা অফিসার মাজেদুর রহমানের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা। পরে অতিথিরা এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। শেষে রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।